ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-১৫৭৯</u>
আগরতলা,৫ জুলাই,২০২৫

**অনম দেববর্মা-র কুষ্ঠ রোগ জয় স্বাস্থ্য কর্মীদের জনস্বাস্থ্য পরিষেবার সাফল্যের এক উজ্জ্বল দৃষ্টান্ত**





বর্তমানে সরকারি স্বাস্থ্যকেন্দ্রে নিয়মিত চিকিৎসা গ্রহণে ও চিকিৎসকের পরামর্শ অনুযায়ী নিয়মিত বিনামূল্যে ওষুধ সেবন করলে কুষ্ঠ রোগ দ্রুত স্বাভাবিক হয়ে যায়। আধুনিক চিকিৎসা ব্যবস্থায় কুষ্ঠ রোগের মাল্টিড্রাগ থেরাপি (MDT) হল একটি কার্যকর চিকিৎসা পদ্ধতি, যা স্বাস্থ্য কেন্দ্রে বিনামূল্যে পাওয়া যায়। খোয়াই জেলার তুলাশিখর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের অন্তর্গত তুইহাচিং গ্রাম বাড়ি আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অধীন সামন্ত পাড়া এলাকার অনম দেববর্মা(৩১)দীর্ঘ দিন যাবৎ কুষ্ঠ রোগে ভুগছিলেন, তিনি স্বাস্থ্য কর্মীদের প্রচেষ্টায় কুষ্ঠ মুক্ত হয়ে সুস্থ জীবনে ফিরে এসেছেন।

খোয়াই জেলা হাসপাতাল এবং তুলাশিখর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের আওতাধীন তুইহাচিং গ্রাম বাড়ি আয়ুষ্মান আরোগ্য মন্দিরের স্বাস্থ্য কর্মীদের যৌথভাবে পরিষেবা প্রদান ও নিয়মিত তত্ত্বাবধানের ফলেই অনম দেববর্মা কুষ্ঠমুক্ত হয়েছেন। রোগীর প্রতি স্বাস্থ্য কর্মীদের সার্বক্ষণিক খোঁজ-খবর নেওয়া,সময়মতো প্রয়োজনীয় ওষুধপত্র সরবরাহ করা এবং সর্বোপরি তাঁর স্বাস্থ্যের উন্নতির নিবিড় পর্যবেক্ষণ রাখার মাধ্যমেই অনম দেববর্মা সম্পূর্ণ সুস্থ হয়ে স্বাভাবিক জীবনে ফিরতে পেরেছেন।

গত ১৫ জুন ২০২৪ আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতালে অনম দেববর্মা চর্ম জনিত সমস্যা নিয়ে চিকিৎসকের কাছে যান। জিবিপি হাসপাতালের চিকিৎসকরা তখন তার স্ক্রিনিং-এর মাধ্যমে কুষ্ঠ রোগ শনাক্ত করেন। এদিনই চিকিৎসকরা তাকে কুষ্ঠ রোগের চিকিৎসার জন্য খোয়াই জেলা হাসপাতালে পাঠিয়ে দেন। খোয়াই জেলা হাসপাতালে জাতীয় কুষ্ঠ রোগ নির্মূলীকরণ প্রকল্পের অধীন গত ১৬ জুন ২০২৪ তাঁর মাল্টিড্রাগ থেরাপি(MDT) প্রদান শুরু করা হয়। এরপর সে তার বাড়ির নিকটস্থ তুলাশিখর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও তুইহাচিং গ্রাম বাড়ি আয়ুষ্মান আরোগ্য মন্দিরের স্বাস্থ্য কর্মীদের অধীনে চিকিৎসা পরিষেবা গ্রহণ শুরু করেন। এই চিকিৎসা চলাকালীন সময় জেলা পর্যায়ের পাশাপাশি রাজ্য স্বাস্থ্য দপ্তরের জাতীয় কুষ্ঠ রোগ নির্মুলীকরণ প্রকল্পের অধীন আধিকারিকগণও বিভিন্ন সময়ে অনম দেববর্মার বাড়িতে গিয়ে তার খোঁজ খবর নেন ও তাঁর স্বাস্থ্যের পর্যবেক্ষণ করেন। এভাবে নিয়মিত চিকিৎসা গ্রহণের পর গত ৩০ জুন ২০২৫ সফলভাবে তাঁর কোর্স সম্পন্ন হয়।

২-এর পাতায়

উল্লেখ্য উক্ত চিকিৎসা চলাকালীন সময় অনম দেববর্মাকে জাতীয় কুষ্ঠ রোগ নির্মূলীকরণ কর্মসূচির অধীন প্রতি মাসে বিনামূল্যে নিয়মিত একটি ফুড বাস্কেট (দুধ ও ফল সহ অন্যান্য পুষ্টিকর খাদ্য সামগ্রী) প্রদান করা হয়।

খোয়াই জেলা হাসপাতাল, তুলাশিখর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও তুইহাচিংগ্রাম বাড়ি আয়ুষ্মান আরোগ্য মন্দিরের চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের ধারাবাহিক সহযোগিতা এবং মানবিক প্রচেষ্টার ফলেই অনম দেববর্মা সঠিক সময়ে চিকিৎসা শুরু করে সম্পূর্ণরূপে সুস্থ হতে পেরেছেন। চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের অক্লান্ত পরিশ্রম, নিষ্ঠা ও রোগীর প্রতি গভীর সহমর্মিতার জন্যই অনম দেববর্মা কুষ্ঠকে জয় করলেন। এজন্য অনম দেববর্মা সহ তাঁর পরিবার পরিজনেরা চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়েছেন।

অনম দেববর্মা কুষ্ঠ রোগকে জয় করতে ও সুস্থ করে তোলার পেছনে যে সকল চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীদের বিশেষ অবদান ছিল তারা হলেন, খোয়াই জেলা হাসপাতালের মা ও শিশু সুরক্ষা ক্লিনিকের এমপিএস কানু দেববর্মা, এমপিডব্লিউ সৌমিত্র শর্মা,তুলাশিখর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের মেডিকেল অফিসার ডাঃ প্রসূন দেববর্মা,ডাঃ তাপস কুমার সরকার,তুইহাচিংগ্রাম বাড়ি আয়ুষ্মান আরোগ্য মন্দিরের এমপিডব্লিউ বিশ্বজিৎ দেববর্মা সহ আশাকর্মী ঝুনু দেববর্মা প্রমূখ। এটি স্বাস্থ্য কর্মীদের জনস্বাস্থ্য পরিষেবার সাফল্যের এক উজ্জ্বল দৃষ্টান্ত। কুষ্ঠ একটি নিরাময়যোগ্য রোগ, অনম দেববর্মার সুস্থ হয়ে উঠা কুষ্ঠ রোগীদের জন্য এক আশার আলো, যা কুষ্ঠ রোগাক্রান্তদের সুস্থ জীবন লাভে উৎসাহিত করবে ও প্রেরণা জোগাবে। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****